গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, সাভার, ঢাকা।

স্বাধীনতার মহান স্থপতি, সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙ্গালী, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৬তম শাহাদত বার্ষিকী ও জাতীয় শোক দিবস ২০২১ যথাযোগ্য মর্যাদায় পালন উপলক্ষ্যে অনুষ্ঠিত প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী।

সভাপতি	:	জনাব মোঃ আব্দুল করিম এনডিসি মহাপরিচালক, শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট
সভার তারিখ	:	০৪ আগস্ট, ২০২১ খ্রি., বিকাল ৪:০০ ঘটিকা
সভার স্থান	:	সভা কক্ষ শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। প্রথমেই তিনি স্বাধীনতার মহান স্থপতি, সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানসহ ১৫ আগস্ট ১৯৭৫-এ শাহাদত বরণকারী সকল শহীদের প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন ও তাঁদের আত্মার মাগফেরাত কামনা করেন। তিনি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪৬তম শাহাদত বার্ষিকীতে ও জাতীয় শোক দিবস পালনের কর্মসূচি চূড়ান্তকরণ সংক্রান্ত মন্ত্রিপরিষদ বিভাগের আন্তঃমন্ত্রণালয় সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করেন। সে মোতাবেক ইনস্টিটিউটের কর্মসূচি প্রণয়নের জন্য তিনি পরামর্শ আহবান করেন। দিবসটি যথাযোগ্য মর্যাদায় পালনের জন্য প্রস্তুতিমূলক সভায় বিস্তারিত আলোচনা/ মতামতের ভিত্তিতে নিম্নবর্ণিত কর্মসূচিসমূহ সর্বসম্মতিক্রমে গ্রহণ ও বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্র. নং	তারিখ ও বার	সময়	কর্মসূচি	বাস্তবায়নে
০১.	১৫ আগস্ট ২০২১ রবিবার	সূর্যোদয়ের সাথে সাথে	জাতীয় পতাকা অর্ধনমিত করে উত্তোলন	জনাব মোঃ আব্দুল জাব্বার, সহকারী পরিচালক (অর্থ) ড. মোঃ শহীদুল ইসলাম, সহকারী পরিচালক (প্রশিক্ষণ) জনাব মোঃ আরিফুর রহমান, সিনিয়র প্রশিক্ষক (মৎস্য) জনাব মোঃ ইসমাইল হোসেন, বেয়ারার
০২.	ঐ	সকাল ৭:০০ টা	শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট এর কেন্দ্রীয় জামে মসজিদে পবিত্র খতমে কোরআন অনুষ্ঠান	জনাব মোঃ আব্দুল জাব্বার, সহকারী পরিচালক (অর্থ) জনাব মোঃ হাবিবুর রহমান, ইমাম
০৩.	ঐ	সকাল ১০:০০ টা	ইনস্টিটিউটের অডিটরিয়ামে শিশুদের চিত্রাঙ্কন প্রতিযোগিতা	জনাব শাহাব উদ্দিন সরকার, উপপরিচালক (প্রশাসন ও অর্থ) জনাব ঝুমুর রায়, সিনিয়র প্রশিক্ষক (পশুপালন) সৈয়দা মমতাজ বেগম, সিনিয়র প্রশিক্ষক (পশুপালন)
০৪.	ঐ	সকাল ১১:০০ টা	শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট এর মহাপরিচালক কর্তৃক দেয়ালিকা উন্মোচন	ড. মোঃ শহীদুল ইসলাম, সহকারী পরিচালক (প্রশিক্ষণ) জনাব ঝুমুর রায়, সিনিয়র প্রশিক্ষক (পশুপালন) জনাব মোঃ আরিফুর রহমান, সিনিয়র প্রশিক্ষক (মৎস্য) জনাব আঞ্জুমান আরা, সিনিয়র প্রশিক্ষক (পশুপালন)
০৫.	ঐ	দুপুর ০১:২০ টা	ইনস্টিটিউট এর কেন্দ্রীয় জামে মসজিদে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানসহ পরিবাবের শহীদ সদস্যদের রূহের মাগফেরাতের জন্য মিলাদ ও দোয়া মাহফিল।	জনাব মোঃ আব্দুল জাব্বার, সহকারী পরিচালক (অর্থ) জনাব মোঃ হাবিবুর রহমান, ইমাম
০৬.	ঐ	বিকাল ০২:৩০ টা	জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪৬তম শাহাদত বার্ষিকী উপলক্ষ্যে ডকুমেন্টারী প্রদর্শন, "বঙ্গবন্ধু ও বাংলাদেশ" শীর্ষক আলোচনা সভা ও পুরস্কার বিতরণ। আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে মাননীয় প্রতিমন্ত্রী জনাব মোঃ জাহিদ আহসান রাসেল এম,পি এবং বিশেষ অতিথি হিসেবে মন্ত্রণালয়ের সিনিয়র সচিব জনাব মোঃ আখতার হোসেন-কে আমন্ত্রণ জানানোর বিষয়ে সিদ্ধান্ত হয়।	জনাব মোঃ আব্দুল জাব্বার, সহকারী পরিচালক (অর্থ) সৈয়দ আব্দুল কাইয়ুম, সহকারী পরিচালক (প্রকাশনা) জনাব অভিজিত কুমার মজুমদার, পিএ জনাব মোঃ নুরুল আমিন ভূইয়া, অডিও ভিজুয়্যাল অপারেটর

ক্র. নং	তারিখ ও বার	সময়	কর্মসূচি	বাস্তবায়নে
			সভায় মূখ্য আলোচক হিসেবে প্রাক্তন তথ্য কমিশনার ও প্রফেসর ড. খুরশিদা বেগম সাঈদ, সরকার ও রাজনীতি বিভাগ, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (পিআরএল ভোগরত)-কে আমন্ত্রণ জানানোর বিষয়ে সিদ্ধান্ত হয়।	
০৭.	ঐ	বিকাল ০৫:০০টা	জাতীয় শোক দিবস উপলক্ষ্যে ইনস্টিটিউট এর কর্মকর্তা, কর্মচারী ও শিশুদের অংশগ্রহণে শোকগাঁথা উপস্থাপন	জনাব শাহাব উদ্দিন সরকার, উপপরিচালক (প্রশাসন ও অর্থ) জনাব মোঃ আব্দুল জাব্বার, সহকারী পরিচালক (অর্থ) ড. মোঃ শহীদুল ইসলাম, সহকারী পরিচালক (প্রশিক্ষণ) জনাব নাজির উদ্দিন, সিনিয়র প্রশিক্ষক (পশুপালন)

সিদ্ধান্ত ২ :

(ক) জাতীয় শোকদিবসের বিভিন্ন কর্মসূচি পালনের জন্য কর্মকর্তা ও কর্মচারীদেরকে পরিশিষ্ট 'ক' মোতাবেক সুনির্দিষ্ট দায়িত্ব প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।

(খ) ইনস্টিটিউটের অভ্যন্তরে অবস্থিত প্রতিষ্ঠান সমূহের কর্মকর্তা ও কর্মচারীদের স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক প্রত্যেকটি কর্মসূচিতে উপস্থিত থেকে কর্মসূচি সফল করার জন্য অনুরোধ জানানো হয়।

আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৪/০৮/২০২১

মোঃ আব্দুল করিম এনডিসি
অতিরিক্ত সচিব
ও
মহাপরিচালক
শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট।

স্মারক নং- ৩৪.০৬.২৬৭২.০০০.২৩.০৫০.২১- ৩৬৩

তারিখ: ০৪/০৮/২০২১খ্রি.

<u>অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো:</u>

০১। মহাপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

০২। মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৩। সচিবের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৪। কো-অর্ডিনেটর, যুব প্রশিক্ষণ কেন্দ্র, সাভার, ঢাকা।

০৫। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট, সাভার, ঢাকা।

০৬। জনাব...।

০৭। অফিস কপি।

৪/৮/২১

মোঃ মিজানুর রহমান
পরিচালক
শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট
সাভার, ঢাকা।